

৬৪৬/বাউবি/পরীক্ষা/বিবিএ (বাংলা মাধ্যম)/২০২০/২৩১৫

তারিখ : ২৭ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
১১ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

আঞ্চলিক পরিচালক
আঞ্চলিক কেন্দ্র (সকল)
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

বিষয় : বাউবি'র বিবিএ (বাংলা মাধ্যম) প্রোগ্রামের পরীক্ষা ২০২৪ টার্ম ২৪২ ১ম ও ২৪১ ২য় সিমেন্টার এবং পরীক্ষা ২০২৩, টার্ম ২৩২ ৩য়, ৫ম ও ৭ম সিমেন্টার প্রকাশিত ফলাফল সংক্রান্ত বিষয়ভিত্তিক পুন: নিরীক্ষণ ও পুন: পরীক্ষার ফি জমাদান এবং অভিযোগ প্রসঙ্গে।

জনাব,

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ওপেন স্কুল পরিচালিত বিবিএ (বাংলা মাধ্যম) প্রোগ্রামের পরীক্ষা ২০২৪ টার্ম ২৪২ ১ম ও টার্ম ২৪১ ২য় সিমেন্টার এবং পরীক্ষা ২০২৩ টার্ম ২৩২ ৩য়, ৫ম ও ৭ম সিমেন্টার বিষয়ভিত্তিক ফলাফল প্রকাশ করা হয়েছে। উক্ত ফলাফল বাউবি'র Website এ প্রকাশিত হয়েছে। যে সকল শিক্ষার্থী ফলাফল পুন: নিরীক্ষণ ও পুন: পরীক্ষার আবেদন করতে ইচ্ছুক তাদেরকে অন-লাইনে আবেদন করতে হবে। বিবিএ (বাংলা মাধ্যম) পরীক্ষার ফলাফলের আবেদন ফরম exam.bou.ac.bd ওয়েব ঠিকানায় “পুন: নিরীক্ষণ/পুন: পরীক্ষা” লিংকে পাওয়া যাবে (লিংকে আবেদন এবং ফি জমা দেয়ার নিয়মাবলী দেয়া আছে)। উক্ত ফরম যথাযথভাবে পূরণ করে আগামী ১৪-০৯-২০২৫ তারিখ থেকে ১৬-১০-২০২৫ তারিখের মধ্যে উল্লিখিত ওয়েব ঠিকানায় প্রেরণ করতে হবে এবং মোবাইল ক্যাশ “নগদ” এর মাধ্যমে (পুন: নিরীক্ষার কোর্স প্রতি ফি বাবদ ৫০০/= এবং পুন: পরীক্ষার কোর্স প্রতি ফি বাবদ ৫০০/=) টাকা পরিশোধ করতে হবে। নির্ধারিত ফি জমা দানের পর online এ পূরণকৃত আবেদনের প্রিন্ট কপি সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্র/ উপ- আঞ্চলিক কেন্দ্র জমা দিতে হবে এবং ০১ কপি নিজের কাছে সংরক্ষণ করে রাখতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদন ও ফি জমা দেয়া যাবে না।

প্রকাশিত ফলাফল সংক্রান্ত কোন অভিযোগ থাকলে শিক্ষার্থীদের ০৯-১০-২০২৫ তারিখের মধ্যে online এ অভিযোগ করতে হবে। ফলাফল সংক্রান্ত অভিযোগ ফরম উল্লিখিত সময়ের মধ্যে ওয়েব ঠিকানায় পাওয়া যাবে।

বিষয়টি আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন সকল উপ- আঞ্চলিক কেন্দ্র, স্টাডি সেন্টার ও সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(মোঃ হাবিবুল্যাহ মাহমুদ)

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে।

১. ডীন, ওপেন স্কুল, বাউবি।
২. সভাপতি, বিবিএ (বাংলা মাধ্যম) প্রোগ্রামের পরীক্ষা-২০২৩ টার্ম ২৩২ ৩য়, ৫ম ও ৭ম সিমেন্টার, বাউবি।
৩. পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
৪. পরিচালক, কম্পিউটার, বাউবি (বাউবি'র Website এ প্রদর্শন ও আবেদনের লিংক খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ জানানো হ'ল)।
৫. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. যুগ্ম পরিচালক, উপ-উপাচার্য (শিক্ষা) এর দপ্তর, উপ-উপাচার্য (শিক্ষা) মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭. সংশ্লিষ্ট নথি।